গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ আগামী ১৫ আগস্ট, ২০১৭ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ০৭.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোহাম্মদ নাসিম, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
তারিখ : ০৭/০৮/২০১৭ খ্রিঃ
সময় : বেলা ১:৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

১৫ আগস্ট, ২০১৭ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন এর অগ্রগতি সংক্রান্ত বিষয়ে ০৭.০৮.২০১৭ তারিখ বেলা ১.৩০ ঘটিকায় মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত।

২। সভার শুরুতে মাননীয় মন্ত্রী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ মালেক, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ সিরাজুল হক খান এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম উপস্থিত ছিলেন। সভাপতি যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের উপর গুরুত্ব আরোপ করেন। গত ২৬-০৭-২০১৭ তারিখে ১৫ আগস্ট, ২০১৭ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতিমূলক সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় দপ্তর/সংস্থার প্রধানগণ জাতীয় শোক দিবস পালনের বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	১৫ আগস্ট, ২০১৭ তারিখ সকাল ৮ ঘটিকা হতে ১২ ঘটিকা পর্যন্ত বহির্বিভাগে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানসহ জাতীয় শোক দিবসের কর্মসূচি চলাকালে জরুরি বিভাগে চিকিৎসা সেবা প্রদানে যাতে বিঘ্ন না ঘটে সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে	সকল দপ্তর/সংস্থা প্রধান
২.	সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি, দেয়ালিকা প্রকাশ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে রচনা প্রতিযোগিতা ও আলোচনাসহ স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার/কমিউনিটি ক্লিনিক (সকল)
৩.	বঙ্গবন্ধুর প্রতিকৃতসিহ বিভিন্ন স্থাপনায় কোন ধরণের আলোক সজ্জা করা যাবে না। ব্যানার সাদা কালো হবে এবং শোকবহতা বজায় থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। পতাকা যথাযথ মান, মাপ ও রং-এর হতে হবে। মিলাদ মাহফিলের তবারক সাধারণ মানের হতে হবে। তা যেন কোন রকম ভোজ সভার আইটেম না হয়ে পড়ে সেদিকে সতর্ক থাকতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান
৪.	স্বাস্থ্য ও পরিবারব কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সচিবালয় সম্মুখে এবং ভিতরে, ঢাকা সিটির গুরুত্বপূর্ণ স্থান, বিভিন্ন দপ্তর/সংস্থার সম্মুখে জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত বিলবোর্ড/প্লেকার্ডের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে	স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এবং প্রশাসন-২

৫.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে ১৫ আগস্ট, ২০১৭ তারিখ সকাল ১১.৩০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ সকাল ১১.০০ ঘটিকার পূর্বেই ধানমন্ডিস্থ সোবাহানবাগ আনন্দ উল্লাস কমিউনিটি সেন্টারের সম্মুখে সমবেত হবেন।	পুষ্পস্তবক ও ব্যানারসহ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-২ শাখা) এবং মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তরসহ সকল দপ্তর সংস্থা, সরকারি/সেরকারি মেডিকেল কলেজ হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট
৬.	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনরূপ ফী নেয়া যাবে না।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৭.	জাতীয় শোক দিবসে গৃহিত কর্মসূচি সমূহে অংশগ্রহণকারীদের মধ্যে শোকাবহ পরিবেশ বিরাজমান থাকে এ বিষয়ে সকলকে আন্তরিক হতে হবে। শোক দিবসের অনুষ্ঠানে কোনরুপ আতিরেক্য, তাড়াহুড়া প্রকাশ না করা এবং যতদূর সম্ভব নিরব-গাম্ভীর্য রক্ষা হয় তার প্রতি সকলকে সতর্ক থাকতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সকল কর্মকর্তা/কর্মচারী

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
০৯/০৮/২০১৭ খ্রিঃ
(মোহাম্মদ নাসিম)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬- ১১৫৯/১(৭) তারিখঃ ০৯/০৮/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭। পরিচালক/অধ্যক্ষ, সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

০৯.০৮.২০১৭
(এ.জেড.এম. শারজিল হাসান)
উপসচিব
ফোনঃ-৯৫৭৭৯৮৫